

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৩৩

আগরতলা, ২৬ নভেম্বর, ২০২৩

রাস পূর্ণিমা উপলক্ষে ব্রহ্মকুন্ডে তিনদিনব্যাপী মেলা ও প্রদর্শনীর উদ্বোধন

কেন্দ্র ও রাজ্য সরকার ধর্মীয় পর্যটন কেন্দ্রগুলির পরিকাঠামো

উন্নয়নে গুরুত্ব দিয়ে কাজ করছে : কেন্দ্রীয় প্রতিমন্ত্রী

রাস পূর্ণিমা উপলক্ষে ব্রহ্মকুন্ডে তিনদিনব্যাপী আয়োজিত মেলা ও প্রদর্শনী আজ থেকে শুরু হয়েছে। কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক এই মেলা ও প্রদর্শনীর উদ্বোধন করেন। তথ্য ও সংস্কৃতি দপ্তর, মোহনপুর মহকুমা প্রশাসন এবং ব্রহ্মকুন্ড মেলা কমিটির যৌথ উদ্যোগে এই মেলা ও প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। মেলা ও প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বলেন, ব্রহ্মকুন্ড মেলা শতাব্দি প্রাচীন মেলা। কথিত আছে দেবাদিদেব মহাদেব এই স্থানে ধ্যানমগ্ন হয়েছিলেন। সেইসূত্রে ব্রহ্মকুন্ড আমাদের কাছে একটি তীর্থস্থানে পরিণত হয়েছে। এই পবিত্র তীর্থস্থানে আমরা প্রতিবছর দু'বার জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে মিলিত হই। এই মেলার মধ্য দিয়ে আমাদের কৃষ্টি ও সংস্কৃতি বিকশিত হচ্ছে। জাতি, জনজাতির ঐতিহ্যময় সংস্কৃতিও বিকশিত হচ্ছে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, কেন্দ্র ও রাজ্য সরকার ধর্মীয় পর্যটন কেন্দ্রগুলির পরিকাঠামো উন্নয়নে গুরুত্ব দিয়ে কাজ করছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশব্যাপী বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা করেছেন। রাজ্যেও বিকশিত ভারত সংকল্প যাত্রা শুরু হয়েছে। সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ মানুষের কাছে পৌঁছে দিতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। আমাদের লক্ষ্য এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলা। তিনি আশা প্রকাশ করেন বিকশিত ভারত সংকল্প যাত্রার মধ্য দিয়ে ব্রহ্মকুন্ড এলাকার মানুষ উপকৃত হবেন।

অনুষ্ঠানে টিটিএএডিসির কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা শান্তি সম্প্রীতি বজায় রেখে তিনদিনব্যাপী মেলার উপভোগ করার আহ্বান জানান। তিনি কেন্দ্রীয় ও রাজ্য সরকারকে এই ব্রহ্মকুন্ড মেলা প্রাঙ্গণ ও এলাকার উন্নয়নের জন্য সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার আবেদন জানান। তিনদিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলার সফলতা কামনা করে অনুষ্ঠানে বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য ও ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ও বক্তব্য রাখেন বিধায়ক বৃষকেতু দেববর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হেজামারা বিএসির চেয়ারম্যান সুনীল দেববর্মা, সমাজসেবী যোগেন্দ্র দেববর্মা ও সমাজসেবী বিনোদ দেববর্মা। অনুষ্ঠানে সবাইকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত। উপস্থিত ছিলেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তা অনুপম চক্রবর্তী। উদ্বোধনী অনুষ্ঠান শেষে অতিথিগণ ব্রহ্মকুন্ড মেলা ও প্রদর্শনীর স্টলগুলি পরিদর্শন করেন।
